

ছেলে হোক, মেয়ে হোক  
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
নওগাঁ সদর, নওগাঁ।

[www.fpo.naogaonsadar.naogaon.gov.bd](http://www.fpo.naogaonsadar.naogaon.gov.bd)

নং-৫৯.১১.৬৪৬০.০০০.০০১.০৬.০০০২.২৫- ০ ৭

তারিখঃ- ০৩ গৌষ, ১৪৩২ বঙ্গাব্দ।  
১৮ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীগণের সম্মুখে অনুষ্ঠিত ডিসেম্বর/২০২৫ খ্রিঃ মাসের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:-**

সভাপতি: জনাব মোঃ আব্দুর রহমান প্রামানিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।

সভার স্থানঃ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হলরুম, (পরিবার পরিকল্পনা ভবন-২য় তলা, চকবিরাম), নওগাঁ সদর, নওগাঁ।

সভার তারিখঃ ১৫ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ।

সভার সময়ঃ সকাল ১০:৩০ মিনিট।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় অধ্যকার সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংযোজন বা বিয়োজন ছাড়াই সর্বসম্মতিক্রমে তা গ্রহণ করা হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
পরিবার পরিকল্পনা বিষয়ে সার্বিক অগ্রগতি	নওগাঁ সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন নভেম্বর/২০২৫ খ্রিঃ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৬৪,৮৭৯ জন যার মধ্যে ২৩,৪৬৫ জন খাবার বড়ি, ৫৬২৮ জন কনডম, ৮৮৪৩ জন ইনজেকশন, ৩৩১৬ জন ইমপ্লান্ট, ৬৪১ জন আইইউডি, ৩২৭ জন পুরুষ এবং ৭৪০১ জন মহিলা স্থায়ী পদ্ধতি গ্রহীতাসহ মোট গ্রহীতা ৪৯,৬২১ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৬.৪৮ ভাগ। এছাড়াও, দম্পতিদের মাঝে উল্লেখিত মাসে ৭৬১৯ চক্র খাবার বড়ি, ৫২৮ পিস কনডম (নিরাপদ) বিতরণ, ১২১০ ভায়াল, ০ টি ইমপ্লান্ট (জেডেল) বিতরণ করা হয়েছে।	বিভাগীয় সেবাদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	বিভাগীয় সকল কর্মকর্তা / কর্মচারী
মা ও শিশু স্বাস্থ্য	বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৩৪৩৮ জনকে সাধারণ রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। ১২ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে এবং ০১ টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মোট ৩৭ টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। নভেম্বর/২৫ মাসে মোট গর্ভবতী মায়ের সংখ্যা ১৫৩৫ জন। ০৪টি পরিদর্শনের মাধ্যমে মোট ১০০২ জন মাকে গর্ভকালীন সেবা প্রদান করা হয়েছে, ৫৩৫ জন মা ও নবজাতককে প্রসবোত্তর বিভিন্ন সেবা এবং ১৬৩৬ জনকে আইওয়াইসিএফ, ভিটামিন এ, আইএফএ, হাতধোয়া, ও মায়ের পুষ্টিবিষয়ক কাউন্সেলিং প্রদান করা হয়েছে।	স্বাভাবিক ডেলিভারি সেবা বিষয়ে কাউন্সেলিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
কিশোর/ কিশোরী সেবা	কিশোর/কিশোরীর ৬২২ জনকে বয়ঃসন্ধিকালীন সেবা, ৬৩৭ জনকে বাল্যবিবাহ ও কিশোরী মাতৃহের কুফল, ৬০৩ জনকে প্রজনন তন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত রোগ নিরাময় বিষয়ে কাউন্সেলিং, ৬৯১ জনকে পুষ্টির খাবার বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। কিশোর/কিশোরীর সচেতনতা ও প্রতিরোধ বিষয়ে ৫৮৪ জন ও মানসিক সমস্যা ও মাদকাসক্তি প্রতিরোধ ও নিরাময় বিষয়ে ৫৭৯ জনকে এবং ৬১৮ জনকে পরিষ্কার পরিচ্ছন্নতা ও স্যানিটারি প্যাড বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। RTI/STI সংক্রান্ত বিষয়ে ৭২ জনকে চিকিৎসাসেবা দেয়া হয়েছে। তাছাড়াও নিয়মিত বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে মোট স্কুলে ৮টি স্বাস্থ্য শিক্ষা সেশন সম্পন্ন হয়েছে।	কিশোর/কিশোরীদের নিয়ে এরকম কার্যক্রম নিয়মিত বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়।	
মালামাল সংক্রান্ত	জন্মনিয়ন্ত্রণ সামগ্রী (ইনজেকশন ছাড়া) সরবরাহ না থাকা বিষয়ে আলোচনা করা হয়।	যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়	UFPO
স্যাটেলাইট ক্লিনিক	স্যাটেলাইট ক্লিনিক প্রয়োজন ও গুরুত্ব বিবেচনায় বন্ধ অথবা চালু রাখা বিষয়ে আলোচনা করা হয়। বর্ষাইল ইউনিয়নে স্যাটেলাইট ক্লিনিকে ইনজেকশন না হওয়া বিষয়ে আলোচনা করা হয়। স্যাটেলাইট ক্লিনিকের সেবাসমূহ গর্ভবতী, PPHP, শিশু স্বাস্থ্যসেবা সহ পদ্ধতি গ্রহীতার পার্শ্বপ্রতিক্রিয়া বিষয়ে সেবা প্রদানের আলোচনা করা হয়।	বাড়ির মালিকের / গন্যমান্য ব্যক্তির মোবাইল নাম্বার ও স্বাক্ষর নিতে হবে। আরো সচেতনতার সাথে সেবা প্রদান করতে হবে।	FWV/FP I/ FWA
কিশোরী সমাবেশ	তারুণ্যের জয় উসব-২০২৫ উপলক্ষে “Flagship Program” বিষয়ে হীপানিয়া হাই স্কুল এন্ড কলেজ এ ১৩৯ জন ছাত্রীদের নিয়ে স্বাস্থ্য শিক্ষা বিষয়ে কিশোরী সমাবেশ পরিচালিত হয়।	হাজিরা নিতে হবে ও ছবি সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইউনিয়নের SACMO/ FWV/FP I/ FWA সকল।
বিবিধ	ইনজেকশন বৃদ্ধির বিষয়ে পদক্ষেপ সংক্রান্ত আলোচনা, ANC কার্ড এ যাচাইকৃত লিখে সিল দেওয়া, সকল SACMO/FWV/FPI/ FWA দের কর্মস্থলে অবস্থান বাধ্যতামূলক বিষয়ে সর্বশেষ নির্দেশনা সভায় পাঠ করে শোনানো হয়, কর্মস্থলে হাজিরা দিয়ে Location Track করে ছবি Social Media (Whatsapp) এ আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়।	উল্লিখিত বিষয়ে আরো সচেতনতার সাথে দায়িত্ব পালনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	SACMO/ FWV/FP I/ FWA